



# জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর  
গাজীপুর।

স্মারক নং- জাতীঃ বিঃ/পরী/অনার্স-৩য় বর্ষ/২০১৭/২০১৮ / ৯৯৬৩

তারিখঃ ২৪ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ  
০৭ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

## ২০১৭ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষার প্রবেশপত্র প্রিন্ট ও বিতরণ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষার প্রবেশপত্র পরীক্ষা নিয়ন্ত্রকের ডিজিটাল স্বাক্ষরসহ ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে। সংশ্লিষ্ট কলেজ সকল পরীক্ষার্থীর প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট নিয়ে নির্ধারিত স্থানে পরীক্ষার্থীর পাসপোর্ট সাইজের ছবি আইকা আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর এবং অধ্যক্ষের নির্ধারিত স্থানে স্বাক্ষর ও সীল দিয়ে রেজিস্ট্রেশন নম্বর যাচাই করে পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করবে।

### প্রবেশপত্র ডাউনলোড ও প্রিন্টের নিয়মাবলীঃ

১. [www.nu.edu.bd/admit/](http://www.nu.edu.bd/admit/) লিংকে যেতে হবে।
২. College login এ click করে user name ও password ব্যবহার করে বিষয়ভিত্তিক Admit Card ডাউনলোড করতে হবে।
৩. উক্ত পরীক্ষায় পরীক্ষার্থীকে রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পরীক্ষা কোড ব্যবহার করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

জরুরী প্রয়োজনে ০২-৯২৯১০৪১ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

**বিঃ দ্রঃ** যদি কোন বৈধ পরীক্ষার্থীর প্রবেশপত্র না পাওয়া যায় বা প্রবেশপত্রে কোন প্রকার ভুল থাকে তাহলে ১১/০২/২০১৮ ইং তারিখের মধ্যে সংশ্লিষ্ট শাখায় আবেদন করতে হবে। প্রবেশপত্রে কোন প্রকার সংশোধন কলেজ বা কেন্দ্র কর্তৃক করা যাবে না। উল্লিখিত তারিখের পর কোন ক্রমেই অভিযোগ গ্রহণ করা হবে না।

আপনাদের সহযোগিতার জন্য ধন্যবাদ।

(বদরুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)  
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোন : ০২-৯২৯১০১৭

ফ্যাক্স : ০২-৯২৯১০৪৪

ই-মেইল : [controller@nu.edu.bd](mailto:controller@nu.edu.bd)